চুয়াডাঙ্গায় গৃহবধুকে ধর্ষণের অভিযোগে থানায় মামলা

চুয়াডাঙ্গা শহরের শান্তিপাড়ায় এক গৃহবধুকে ধর্ষণের অভিযোগে থানায় মামলা দায়ের করা হয়েছে। গত মঙ্গলবার সকালে শান্তিপাড়ার একটি বাড়িতে এ ধর্ষণের ঘটনা ঘটে বলে মামলায় উল্লেখ করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের হয়েছে।

মামলার উদ্ধৃতি দিয়ে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মোহাম্মদ ফখরুল আলম খান জানান, মঙ্গলবার সন্ধ্যায় শহরের শান্তিপাড়ার এক গৃহবধু থানায় এসে অভিযোগ করেন যে, তাকে শান্তিপাড়ার আলমগীর হোসেনের ছেলে নাঈম হোসেন ধর্ষণ করেছে।

নাঈমের বাড়িতে এ ধর্ষণের ঘটনা ঘটে। সকাল ১০টার দিকে ওই গৃহবধু শান্তিপাড়ার রাস্তা দিয়ে যাওয়ার সময় নাঈম ও তার দুসহযোগি অপু হোসেন ও রতন আলী ওই গৃহবধুকে জোরপূর্বক নাঈমের বাড়িতে নিয়ে যায়। তারপর নাঈম তাকে ধর্ষণ করে।

ওই গৃহবধু বাড়ি ফিরে পরিবারের অন্যদের ঘটনা জানান এবং সন্ধ্যায় সদর থানায় এসে নাঈম হোসেন, অপু হোসেন ও রতন আলীকে আসামি করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেন। মঙ্গলবার রাতেই চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ওই গৃহবধুর ডাক্তারি পরীক্ষা সম্পন্ন হয়।

ওসি আরো জানান, এ বিষয়ে তদন্ত চলছে। কেউ গ্রেপ্তার হয়নি। ডাক্তারি পরীক্ষার রিপোর্ট ও তদন্তের পর বিস্তারিত জানানো সম্ভব হবে।

আকাশ খবর পত্রিকার ভারপ্রাপ্ত

সম্পাদকের ইন্তেকাল

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক তানজীর আহমেদ রনি (৪২) বুধবার ভোর চারটায় হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)।

মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্র, আত্মীয়স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার বাদ আছর চুয়াডাঙ্গার জান্নাতুল মাওলা কবরস্থানে তাঁর নামাজে জানাজা ও দাফনকাজ সম্পন্ন হয়।

তানজীর আহমেদ রনির শ্বশুর দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক অ্যাডভোকেট তছিরুল আলম মালিক ডিউক জানান, ভোররাতে অসুস্থ্য হয়ে পড়লে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়।

সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। হৃদরোগে আক্রান্ত হয়ে রনি মারা গেছেন বলে চিকিৎসকরা জানিয়েছেন।

তানজীর আহমেদ রনি কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সদস্য ছিলেন।

উৎপাদনের শুরুতেই ‘কেরুজ হ্যান্ড স্যাসিটাইজারে’র ব্যাপক চাহিদা

উৎপাদনের শুরুতেই ‘কেরুজ হ্যান্ড স্যাসিটাইজারে’র ব্যাপক চাহিদা দেখা দিয়েছে বলে জানিয়েছেন কেরু কর্তৃপক্ষ। সোমবার চুয়াডাঙ্গার কেরু অ্যান্ড কোম্পানীতে প্রাণঘাতি করোনা ভাইরাসের সংক্রমণসহ সব ধরণের জীবাণু ধ্বংসকারী ‘কেরুজ হ্যান্ড স্যানিটাইজার’ উৎপাদন শুরু হয়েছে।

ইতিমধ্যেই বাজারজাতের জন্য স্যানিটাইজারের প্রথম চালান পাঠানো হয়েছে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন বরাবর। কেরুর এ

উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন চুয়াডাঙ্গাবাসী। বাজারে অন্য কোম্পানীর হ্যান্ড স্যানিটাইজারের স্বল্পতা থাকায় কেরুর এ উদ্যোগ সময়োপযোগী বলে মনে করেন অনেকে।

স্থানীয় সংবাদকর্মি মনিরুজ্জামান ধীরু বলেন, দেশের এ সংকটের সময়ে কেরু উদ্যোগে চুয়াডাঙ্গাবাসী গর্বিত। সারাদেশের মানুষের করোনা ঝুঁকি কিছুটা কমিয়ে আনবে কেরু স্যানিটাইজার।

বাংলাদেশ চিনিকল শ্রমিক ফেডারেশনের সভাপতি মো. মাসুদুর রহমান জানান, অনেকের কাছে শুনছি বাজারে গিয়ে হ্যান্ড স্যানিটাইজার কিরতে পারছেন না। কারণ সরবরাহের স্বল্পতা। এ অবস্থায় কেরু উদ্যোগের কারণে দেশবাসী উপকৃত হবে।

কেরু অ্যান্ড কোম্পানীর মহাব্যবস্থাপক (ডিস্ট্রিলারি) বলেন, হ্যান্ড স্যানিটাইজারের মূল উপাদান ইথাইল অ্যালকোহোল উৎপাদন করে কেরু অ্যান্ড কোম্পানী। সে কারণে তারা দেশের সংকটের সময়ে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনের সিদ্ধান্ত নিয়েছে।

কেরু অ্যান্ড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মো. জাহেদ আলী আনছারী জানান, করোনা ভাইরাস সংক্রমণ রোধ করতে দরকারী হ্যান্ড স্যানিটাইজার বর্তমান বাজারে অপ্রতুল। এ অবস্থায় কেবলমাত্র সামাজিক দায়বদ্ধতা থেকেই কেরু হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনের সিদ্ধান্ত নিয়েছে। শুরুতে চাহিদা মতো উৎপাদন না হলেও অল্প সময়ের মধ্যেই কেরু প্রয়োজনীয় স্যানিটাইজার উৎপাদনে সক্ষম হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ কে অবজ্ঞাকরে জীবননগরে প্রাইভেট কোচিং অব্যাহত

জীবননগর উপজেলা রায়পুর ইউনিয়নে রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ের দুই শিক্ষক সরকারি আদেশকে অবজ্ঞা করে কোচিং বানিজ্যেকে অব্যাহত রেখেছেন।

করোনাভাইরাসের কারনে শিক্ষা মন্ত্রণালয়ের আদেশে জরুরী ভাবে দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানকে বন্ধ ঘোষণা করার নির্দেশ দিয়েছেন শিক্ষা মন্ত্রোনালয়।

কিন্তুু সেই আদেশকে অবজ্ঞাকরে ঐ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আনোয়ার হোসেন নাহার এবং ইংরেজী শিক্ষক রাজু আহাম্মেদ রাজু কিছু টাকার লোভে পড়ে নাহার হোসেন বিদ্যালয়ের হলরুমে ও আর একজন বাসা ভাড়া নিয়ে কোচিং বানিজ্যেকে অব্যাহত রেখেছেন।

উপরোক্ত অভিযোগের ভিক্তিতে বৃহস্পতিবার সকালে ‘দৈনিক মেহেরপুর প্রতিদিন’র সাংবাদিক ঘটনা স্থলে উপস্থিত হলে উক্ত অভিযোগের সত্যতা পান।

পরে অভিযুক্ত ঐ শিক্ষকদের সাথে কথা বললে শিক্ষক রাজু আহম্মদ জানান, আমি দুইটা বেজে প্রাইভেট পড়াই প্রত্যেক বেজে ১৫ জন করে এবং আনোয়ার হোসেন নাহার জানান, আমিও এরকম ১৫-২০ জন করে পড়াই।

এদিকে, ঐ বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি জানান, আমি তাদেরকে নিষেধ করেছি অথচ ঐ শিক্ষকরা আমার কথার কোন প্রকার কর্নপাত না করে প্রাইভেট পড়িয়ে যাচ্ছেন।

বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে কথা বললে তিনি জানান, সরকারী আদেশের বাইরে গেলে আমি কাউকে ছাড় দেবনা। সাংবাদিকরা বিষয়টি নিয়ে অভিযুক্ত শিক্ষকদের কিছুই করতে পারবে না বলে জানান তারা।

চুয়াডাঙ্গায় ইতালী ফেরত যুবকের করোনা সনাক্ত

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশনের থাকা ইতালী ফেরত যুবক করোনা ভাইরাস আক্রান্ত বলে ঘোষণা দিয়েছে স্বাস্থ্য বিভাগ।

বৃহস্পতিবার বেলা ২টায় চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান সাংবাদিকদের উপস্থিতিতে এ ঘোষণা দেন। তরে আক্রান্ত যুবক

ঝুঁকিপূর্ণ অবস্থায় না থাকায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালেই রেখে চিকিৎসা দেয়া হচ্ছে বলেও জানান তিনি। আক্রান্ত যুবক ছাড়াও জেলার সন্দেভাজন ৮৩ জনকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে বলে জানানো হয়।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, ইতালী ফেরত যুবক গত ১২ মার্চ বাড়িতে আসেন। এরপর তিনি সর্দি, কাশি, গলাব্যাথা ও জ¦রে আক্রান্ত হন। বিষয়টি জানার পর তাকে সদর হাসপাতালের আইসোলেশন নিয়ে আসা হয়। গত ১৬ মার্চ আইইডিসিআর’র প্রতিনিধিদল চুয়াডাঙ্গায় এসে ইতালী ফেরত যুবকের সোয়াব সংগ্রহ করে ঢাকা নিয়ে যায়। সেখানে পরীক্ষা করে তার দেহে করোনা ভাইরাসের উপস্থিতি নিশ্চিত করে আইইডিসিআর।

এক প্রশ্নের জবাবে সিভিল সার্জন বলেন, আক্রান্ত যুবকের অবস্থা সংকটাপন্ন না হওয়ায় আপাতত তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশনে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। তার সুস্থ হলে আবারও তাকে পরীক্ষা-নিরীক্ষা করে তাকে বাড়িতে পাঠানো হবে।

মেপ্র/ইএম

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিটের শপথ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রেসক্লাব এবং বাংলাদেশ সাংবাদিক সমিতি- বাসাস জেলা ইউনিটের শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে এ শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান সেখ সামসুল আবেদীন খোকন, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার

টোটন, চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবীর, বাসাস জেলা ইউনিটের সভাপতি আজাদ মালিতা এবং প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন।

প্রেসক্লাব সদস্য জামান আখতার ও খাইরুল ইসলামের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে শুরুতে কোরআন থেকে তেলওয়াত করেন বাসাস জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ। প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন প্রথমে চুয়াডাঙ্গা প্রেসক্লাব পরে বাসাস জেলা ইউনিটের নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদকে শপথ পাঠ করান। এরপর বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষে নবনির্বাচিতদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা পর্বে প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। পরে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও প্রেসক্লাবের সাবেক সদস্য দেশের স্বনামধন্য বিক্রয় প্রশিক্ষক রাজীব আহম্মেদ শুভেচ্ছা বক্তব্য দেন।

অনুষ্ঠানের অতিথিবৃন্দ বক্তৃতাকালে বলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিট চুয়াডাঙ্গা জেলার দুটি ঐতিহ্যবাহী সংগঠন। এ সংগঠন দুটি বরাবরই জেলার উন্নয়নে এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। আগামীতেও চুয়াডাঙ্গার সাংবাদিকরা এ ধারা অব্যাহত রাখবে বলে অতিথিরা প্রত্যাশা ব্যক্ত করেন।

চুয়াডাঙ্গায় ফেনসিডিল বোঝাই পিকআপ ভ্যানসহ তিনজন আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার ভিমরুল্লা প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে ফেনসিডিল বোঝাই একটি পিকআপ ভ্যানসহ তিন মাদক ব্যবসায়ী আটক করেছে র্যাব-৬’র একটি দল।
এসময় পিকআপ ভ্যানে থাকা ৭১ বস্তা আলুর মধ্যে থেকে ৭৯৩ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। মঙ্গলবার সকালে পাঠানো র্যাবের সংবাদ

বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

আটককৃতরা হলেন, জেলার দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তুপুর গ্রামের আব্দুস সামাদের ছেলে সাইফুল ইসলাম (২৫) এবং বরিশাল জেলার কাউনিয়া থানার আমানতগঞ্জ গ্রামের আলতাফ হোসেনের ছেলে মোহাম্মদ সোহেল (২৮) ও সিরাজ হাওলাদারের ছেলে সবুজ হাওলাদার (২৬)।

র্যাব-৬’র ঝিনাইদহ কোম্পানী কমান্ডার বজলুর রশীদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার রাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার ভিমরুল্লা এলাকায় অভিযান চালানো হয়। এসময় সন্দেহভাজন একটি পিকআপ ভ্যান তল্লাশী চালিয়ে ৭৯৩ বোতল নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিলসহ তিনজনকে আটক করা হয়। পরে উদ্ধারকৃত ফেনসিডিলসহ আটককৃতদের চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়। এ বিষয়ে থানায় মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/ইএম

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

নানা আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকালে বঙ্গবন্ধু ও বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে একে একে জেলা আওয়ামীলীগ ও বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন এবং সকল সরকারি প্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে।

জেলা আওয়ামীলীগের পক্ষে দলীয় সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি পুষ্পমাল্য অর্পণ করেন। সকাল ৯টায় জেলা প্রশাসকের কার্যালয়ে অবস্থিত ডিসি সাহিত্য মঞ্চে শিক্ষার্থীদের নিয়ে সীমিত

আকারে সঙ্গীত, কুইজ, চিত্রাঙ্কন, আবৃত্তি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে দিবসের শুরুতে জেলা আওয়ামীলীগ কার্যালয়ের সামনেও জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেপ্র/ইএম

জীবননগর ১০টাকা কেজি দরে চাল বিতরণের উদ্বোধন

জীবননগর অসহায় দরিদ্রদের মাঝে খাদ্য বান্ধব ১০টাকা কেজি দরে চাল বিতরণের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের নতুনপাড়া গ্রামে ফুড অফিসার আঃ খালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অসহায় দরিদ্রদের মাঝে ১০টাকা কেজি দরে চাল বিতরণ করেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, আওয়ামী লীগ নেতা সিরাজুল ইসলাম শুকুর, শওকত আলী প্রমুখ।

জীবননগরে গাঁজাসহ এক মহিলা আটক

জীবননগরে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে গাঁজাসহ এক মহিলা আটক ভ্রাম্যমাণ আদালতে জরিমানা প্রদান করা হয়েছে।

সোমবার দুপুর ১টার সময় জীবননগর উপজেলার কে.ডি.কে ইউনিয়নের

কাশিপুর গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়।

জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিরাজুল ইসলাম কাশিপুর বাজার পাড়ার মাদক ব্যবসায়ী আনোয়ার হোসেনের বাড়িতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

এ সময় তার ঘরের মধ্যে থেকে ১০পুরিয়া গাঁজা এবং গাঁজামাপা মেশিন উদ্ধার করে।

পুলিশের উপস্তিতি টের পেয়ে বাড়ি থেকে আনোয়ার হোসেন পালিয়ে গেলেও তার স্ত্রী বিলকিস খাতুনকে (২৩) আটক করে।

আটককৃত মালামালসহ বাড়িতে ভ্রাম্যমাণ আদালতে বসিয়ে ২০হাজার টাকা জরিমান প্রদান করে। এবং স্থানীয়দের উপস্থিতিতে আর কোন দিন মাদক ব্যবসা করবে না মর্মে একটি লিখিত দেয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাব বলেন, সমাজে কোন মাদক ব্যবসায়ী কিংবা সেবনকারী থাকবে না। মাদক ব্যবসায়ী যেই না কেন তাকে আইনের আওতায় আনা হবে।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার এস আই তাইফুজ্জামান, এ এস আই মিজান, নারী পুলিশ সদস্য তানিয়া প্রমুখ।